# সংশ্লিষ্ট পরিষেবার অনুমোদন

প্রশ্ন এবং উত্তর

## সংশ্লিষ্ট পরিষেবার অনুমোদন (রিলেটেড সার্ভিস অথরাইজেশন, RSA) বলতে কী বোঝায়?

আপনার সন্তানের জন্য সংযুক্ত ফর্ম-এ তালিকাভুক্ত সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) সুপারিশ করা হয়েছে। এই ফর্মটি পাবার অর্থ এই যে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (ডিপার্টমেন্ট)-এর এই মুহূর্তে এই পরিষেবা প্রদানের জন্য কোনো কর্মী লভ্য নেই। RSA আপনাকে এই পরিষেবা আপনার পছন্দের একজন স্বনির্ভর প্রদানকারীর কাছ থেকে বিনামূল্যে পাবার সুযোগ প্রদান করে।

## আমি কীভাবে একজন স্বনির্ভর প্রদানকারী খুঁজে বের করবো?

আপনাকে একজন প্রদানকারী খুঁজে বের করার জন্য সহায়তা করতে, আমরা **স্কুল-বয়সী শিক্ষার্থীদের জন্য স্বনির্ভর সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীদের** একটি মিউনিসিপ্যালিটি তালিকা সংযুক্ত করেছি অথবা আপনি ডিপার্টমেন্টের ওয়েবসাইট:

https://www.schools.nyc.gov/learning/special-education/supports-and-services/related-services/finding-an-independent-provider দেখতে পারেন।

আপনি এই তালিকার যেকোনো প্রদানকারীকে ব্যবহার করতে অথবা আপনি আপনার নিজস্ব প্রদানকারী খুঁজে নিতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে প্রদানকারীর অবশ্যই নিচে বর্ণিত শংসাপত্র বা ক্রেডেনশিয়াল থাকতে হবে:

- প্রদানকারীকে অবশ্যই স্থায়ীভাবে লাইসেন্সধারী অথবা নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট কর্তৃক সার্টিফাইড হতে হবে এবং সুপারিশকৃত সংশ্লিষ্ট পরিষেবা প্রদানে বর্তমান বৈধ রেজিস্ট্রেশন থাকতে হবে।
- প্রদানকরীকে অবশ্যই প্রতিষ্ঠিত দ্বিভাষীক দক্ষতার শর্তাবলী পূরণ করতে হবে, যেখানে প্রযোজ্য।

## বিভিন্ন বিষয়ের ক্ষেত্রে একজন স্বনির্ভর প্রদানকারী হবার জন্য আবশ্যক শংসাপত্র বা ক্রেডেনশিয়াল কী কী?

- **কাউন্সেলিং** পরিষেবা অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের একজন লাইসেন্সধারী সাইকোলজিস্ট, ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কার, অথবা মেন্টাল হেলথ্ কাউন্সেলর দ্বারা প্রদত্ত হতে হবে। দ্বিভাষীক কাউন্সেলিং শুধুমাত্র এমন কোনো ব্যক্তি প্রদান করতে পারেন, যিনি উপরে বর্ণিত শর্তাবলী পূরণ করে, এবং যিনি যথাযথ দ্বিভাষীক দক্ষতার শর্তাবলীও পূরণ করেন।
- **অক্যুপেশনাল থেরাপি** পরিষেবা অবশ্যই একজন নিউ ইয়র্ক স্টেট লাইসেন্সধারী অক্যুপেশনাল থেরাপিস্ট প্রদান করবেন।
- **ফিজিক্যাল থেরাপি** পরিষেবা অবশ্যই একজন নিউ ইয়র্ক স্টেট লাইসেন্সধারী ফিজিক্যাল থেরাপিস্ট প্রদান করবেন।
- **স্পিচ থেরাপি পরিষেবাসমূহ** অবশ্যই একজন নিউ ইয়র্ক স্টেট লাইসেন্সধারী স্পিচ/ল্যাঙ্গুয়েজ প্যাথোলজিস্ট প্রদান করবেন, যিনি সার্টিফাইড টিচার অভ স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ ডিসঅ্যাবিলিটিজ অথবা টিচার অভ স্পিচ অ্যান্ড হিয়ারিং হ্যান্ডিক্যাপড্-ও। দ্বিভাষীক বা বাইলিঙ্গুয়াল স্পিচ থেরাপি শুধুমাত্র এমন কোনো ব্যক্তি প্রদান করতে পারেন, যিনি উপরে বর্ণিত শর্তাবলী পূরণ করে, এবং যিনি যথাযথ দ্বিভাষীক দক্ষতার শর্তাবলীও পূরণ করেন।
- **ভিশন এডুকেশন সার্ভিসেস** (দৃষ্টি সম্পর্কিত শিক্ষা পরিষেবা) অবশ্যই শুধু একজন নিউ ইয়র্ক স্টেট সার্টিফাইড টিচার অভ দ্যা ব্লাইন্ড (অন্ধদের জন্য সার্টিফাইড শিক্ষক) অ্যান্ড পার্শিয়ালি সাইটেড্ (আংশিক দৃষ্টি) অথবা টিচার অভ দ্যা ব্লাইন্ড অ্যান্ড ভিজ্যুয়ালি ইমপেয়ারড্ অথবা অরিয়েন্টেশন/মোবিলিটি স্পেশালিস্ট) প্রদান করবেন। দ্বিভাষীক বা বাইলিঙ্গুয়াল ভিশন এডুকেশন সার্ভিস শুধুমাত্র এমন কোনো ব্যক্তি প্রদান করতে পারেন, যিনি উপরে বর্ণিত শর্তাবলী পূরণ করেন, এবং যিনি যথাযথ দ্বিভাষীক দক্ষতার শর্তাবলীও পূরণ করেন।
- **হিয়ারিং এডুকেশন সার্ভিসেস** (শ্রুতি শিক্ষা পরিষেবাসমূহ) অবশ্যই শুধু একজন নিউ ইয়র্ক স্টেট সার্টিফাইড টিচার অভ দ্যা ডেফ অ্যান্ড হিয়ারিং ইমপেয়ারড্ (বধির এবং শ্রুতি বৈকল্য আছে এমন শিক্ষার্থীদর শিক্ষক) অথবা একজন টিচার অভ দ্যা ডেফ অ্যান্ড হার্ড অভ হিয়ারিং অথবা একজন যথাযথ প্রশিক্ষণ প্রাপ্ত বা সার্টিফাইড সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটার বা দোভাষী দিতে পারবেন। দ্বিভাষীক বা বাইলিঙ্গুয়াল হিয়ারিং এডুকেশন সার্ভিস শুধুমাত্র এমন কোনো ব্যক্তি প্রদান করতে পারেন, যিনি উপরে বর্ণিত শর্তাবলী পূরণ করেন, এবং যিনি যথাযথ দ্বিভাষীক দক্ষতার শর্তাবলীও পূরণ করেন।

- **একজন রেজিস্টার্ড নার্স কর্তৃক স্বাস্থ্য পরিষেবা** অবশ্যই শুধু নিউ ইয়র্ক স্টেটের একজন লাইসেন্সধারী অথবা সার্টিফাইড রেজিস্টার্ড নার্স যার অটোমেটেড এক্সটারনাল ডিফিব্রিলেশন (CPR/AED)- এর পাশাপাশি কার্ডিও-পালমোনারি রিসাসসিটেশনে বর্তমান বৈধ সার্টিফিকেশন আছে, তিনি প্রদান করতে পারবেন। **হেলথ্ এইড (স্বাস্থ্য সহায়তাকারী) কর্তৃক স্বাস্থ্য পরিষেবা** অবশ্যই যথাযথভাবে প্রশিক্ষিত, লাইসেন্সধারী অথবা সার্টিফাইড স্বাস্থ্য সহায়তাকরী প্রদান করবেন।

অনুগ্রহ করে জেনে রাখুন: যেকোন ব্যক্তি যিনি ডিপার্টমেন্টের একজন বর্তমান কর্মী (যদি না তিনি NYCDOE থেরাপিস্টদের মিউনিপ্যালিটি তালিকায় স্থান লাভে অনুমোদিত হন) অথবা এই চুক্তির অধীনে অন্য যেকোন সিটি এজেন্সি পরিষেবা প্রদান করতে পারবেন না - এর ব্যতিক্রম কিছু বিরল ক্ষেত্রে যখন নিউ ইয়র্ক সিটির কনফ্লিক্টস্ অভ ইন্টারেস্ট (স্বার্থের দ্বন্দ্ব) বোর্ড কর্তৃক এ থেকে অব্যাহতির অনুমোদন দেয়া হয়। এজেন্সিসমূহ ডিপার্টমেন্টের কর্মীদের প্রদানকারী হিসেবে চাকরি দিতে পারবে না, এর মধ্যে আছে NYCDOE থেরাপিস্টদের মিউনিসিপ্যাল তালিকা। যেকোন ব্যক্তি যিনি ডিপার্টমেন্টের চাকরি ত্যাগ করেছেন তিনি, এই চুক্তির (হয় একজন ব্যক্তিগত প্রদানকারী হিসেবে বা কোন এজেন্সির কর্মী/কন্ট্রাক্টর হিসেবে) অধীনে, ডিপার্টমেন্ট ছাড়ার পুরো এক বছর পূর্ণ না হওয়া পর্যন্ত, পরিষেবা প্রদান করতে পারবেন না। যদি ব্যক্তিটি "F" স্ট্যাটাস কাজ করে থাকে, ব্যক্তিটিকে ধরা হবে ডিপার্টমেন্টের চাকুরে হিসেবে এবং এই চুক্তির অধীনে পরিষেবা প্রদানের আগে "F" স্ট্যাটাস কাজ শেষ করার পর অবশ্যই পূর্ণ এক বছর অপেক্ষা করতে হবে। এইসব বিধি-নিষেধ নিউ ইয়র্ক সিটি চ্যাপ্টারের চ্যাপ্টার 68 -এ রয়েছে। এছাড়া, ডিপার্টমেন্ট কর্তৃক অনুমতি প্রাপ্ত না হলে, প্রদানকারী অবশ্যই মূল্যায়নকারী হবেন না যিনি মূল্যায়ন সম্পন্ন করেছেন।

## একজন স্বাধীন প্রদানকারীর দায়-দায়িত্ব কী কী?

একজন স্বাধীন প্রদানকারীকে অবশ্যই নিচের উল্লিখিত বিষয়গুলিতে সম্মত হতে হবে:

- বর্তমান শিক্ষা বছরের জন্য IEP-তে বর্ণিত কতবার, কত সময়ের, এবং কোন্ ভাষা অনুযায়ী - শিক্ষার্থীকে পরিষেবা দিন। প্রত্যেক শিক্ষার্থীর IEP-তে বর্ণিত গ্রুপ সাইজের চেয়ে বড় কোন গ্রুপ সাইজ হবে না।
- ডিপার্টমেন্টের ইন্টিগ্রেটেড ভয়েস রেসপন্স সিস্টেম (IVR)-এ ফোন করে পরিষেবা প্রদানকারী ব্যক্তির নাম এবং শিক্ষার্থীর অনুমোদনের চিঠিতে তার জন্য প্রদত্ত PIN নম্বরটি উল্লেখ করে পরিষেবা শুরুর তারিখ উল্লেখ করুন।
- সাপ্তাহিক অগ্রগতির নোট সংরক্ষণ করুন, অনুরোধ সাপেক্ষে শিক্ষার্থীর প্রগ্রেস রিপোর্ট জমা দিন, এবং ডিপার্টমেন্টের খরচ ব্যতিরেকে IEP বৈঠকে যোগদান ও IEP-র যথাযথ পৃষ্ঠা পূরণ করুন।
- ডিপার্টমেন্টের স্কুল ক্যালেন্ডার অনুযায়ী পরিষেবা প্রদান করুন।
- ঘাটতি পূরণের অধিবেশনসমূহ শুধু ঐ সপ্তাহের মাঝেই দিন। নিয়মিত অধিবেশনের দিনেই ঘাটতি পূরণ অধিবেশন করা যাবে না।
- এসব পরিষেবার জন্য অনুমোদিত সর্বোচ্চ রেটের বেশি পূর্ণ পারিশ্রমিক গ্রহণ করা যাবে না। যে হার চার্জ করা হবে সেটি আপনি সাধারণত যে সর্ব নিম্ন হার প্রদান করেন তার চেয়ে অবশ্যই বেশি হবে না। এই রেট শুধু সরাসরি পরিষেবার জন্য এবং এই রেটটি প্রযোজ্য পরিষেবা প্রদত্ত গ্রুপ সাইজ নির্বিচারে - এর ব্যতিক্রম স্পিচের ক্ষেত্রটি যা শিক্ষার্থী সংখ্যার উপর নির্ভর করে - এটি রেট সূচিতে উল্লিখিত একটি অধিবেশনের শিক্ষার্থী সংখ্যার উপর নির্ভরশীল। প্রত্যেক শিক্ষার্থীর IEP-তে বর্ণিত গ্রুপ সাইজের চেয়ে বড় কোন গ্রুপ সাইজ হবে না। প্রদত্ত পরিষেবার জন্য প্রদানকারীগণ পিতামাতা/অভিভাবকের কাছে অর্থ পরিশোধের কোন অনুরোধ জানাবেন না।
- পিতামাতা/অভিভাবকের নিজের অর্থ খরচ না হওয়ার শর্তের ফরম্যাটে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কাছে সরাসরি ইনভয়েস (রসিদ) জমা দিন।
- তার নিজস্ব প্রোফেশনাল ম্যালপ্রাকটিস/লায়াবিলিটি ইনসিওরেন্স থাকতে হবে।
- নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের উপস্থিতির পুস্তিকায় প্রতিদিনের উপস্থিতির রেকর্ড সংরক্ষিত রাখুন এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ সোশ্যাল সার্ভিসেস কর্তৃক অনুরোধকৃত ড্যাটা/তথ্য সংগ্রহে অংশ নিন অথবা ডিপার্টমেন্টের জন্য বাড়তি খরচ ব্যতিরেকে অন্য কোন এজেন্সিতে।
- পরিষেবা প্রদানকারীদের ডিপার্টমেন্টের স্টাফদের কোনো উপহার দেয়া নিষিদ্ধ।

**ডিপার্টমেন্ট অভ এডুকেশনের নয় এমন স্বনির্ভর পরিষেবা প্রদানকারীদের জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন কর্তৃক সর্বোচ্চ কত রেট (পারিশ্রমিক) অনুমোদিত?**

| সংশ্লিষ্ট পরিষেবার ধরন | ভাষা | গ্রুপের আকৃতি | সর্বোচ্চ রেট (হার) | সেশনের দৈর্ঘ্য |
|---|---|---|---|---|
| | | | | |
| কাউন্সেলিং: লাইসেন্সধারী সাইকোলজিস্ট | একভাষী/দ্বিভাষী | একক/দলগত | $ 45 | 30 মিনিট |
| কাউন্সেলিং: মেন্টাল হেলথ্ কাউন্সেলর | একভাষী/দ্বিভাষী | একক/দলগত | $ 45 | 30 মিনিট |
| কাউন্সেলিং: লাইসেন্সধারী ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কার | একভাষী/দ্বিভাষী | একক/দলগত | $ 40 | 30 মিনিট |
| | | | | |
| স্বাস্থ্য রেজিস্টার্ড নার্স | একভাষী | একক/দলগত | $ 45 | 30 মিনিট |
| স্বাস্থ্য: স্বাস্থ্য সহকারী | একভাষী | একক/দলগত | $ 20 | 60 মিনিট |
| | | | | |
| হিয়ারিং এডুকেশন সার্ভিসেস (শ্রুতি শিক্ষা পরিষেবা) | একভাষী/দ্বিভাষী | একক/দলগত | $ 45 | 30 মিনিট |
| | | | | |
| সাইন ল্যাঙ্গুয়েজ দোভাষী | একভাষী/দ্বিভাষী | একক/দলগত | $ 30 | 30 মিনিট |
| | | | | |
| অক্যুপেশনাল থেরাপি | একভাষী | একক/দলগত | $ 45 | 30 মিনিট |
| | | | | |
| ফিজিক্যাল থেরাপি | একভাষী | একক/দলগত | $ 45 | 30 মিনিট |
| | | | | |
| স্পিচ থেরাপি | একভাষী | ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) | $ 45 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | একভাষী | 2 জনের গ্রুপ | $ 56.25 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | একভাষী | 3 জনের গ্রুপ | $ 67.50 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | একভাষী | 4 জনের গ্রুপ | $ 78.75 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | একভাষী | 5 অথবা তার অধিক সদস্যের গ্রুপ | $ 90 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষী | ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) | $ 54 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষী | 2 জনের গ্রুপ | $ 67.50 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষী | 3 জনের গ্রুপ | $ 81 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষী | 4 জনের গ্রুপ | $ 94.50 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষী | 5 অথবা তার অধিক সদস্যের গ্রুপ | $108 | 30 মিনিট |
| | | | | |
| ভিশন এডুকেশন সার্ভিসেস (দৃষ্টিশক্তি শিক্ষা পরিষেবা) | একভাষী/দ্বিভাষী | একক/দলগত | $ 45 | 30 মিনিট |
| | | | | |
| ওরিয়েন্টেশন/মোবিলিটি স্পেশালিস্ট | একভাষী/দ্বিভাষী | একক/দলগত | $ 45 | 30 মিনিট |

স্বাধীন প্রদানকারীগণ কর্তৃক যে রেট চার্জ করা হবে সেটি অবশ্যই তাদের দ্বারা স্বাভাবিকভাবে চার্জকৃত সর্বনিম্নের বেশি হবে না, এবং প্রয়োজনবোধে সেটি স্ব-চার্জকৃত হবে।

এসব পরিষেবার জন্য অনুমোদিত সর্বোচ্চ রেটের বেশি পূর্ণ পারিশ্রমিক পরিষেবা প্রদানকারীরা আদায় করতে পারবে না। এসব প্রদত্ত পরিষেবার জন্য প্রদানকারীগণ পিতামাতা/অভিভাবকের কাছে অর্থ পরিশোধের কোন অনুরোধ জানাবেন না।

**একজন পরিষেবা প্রদানকারী বাছাইয়ের পর আমাকে কী কী করতে হবে?**

উভয় আপনি এবং বাছাইকৃত স্বনির্ভর প্রদানকারী অবশ্যই RSA-2 Form-টি পূরণ করবেন, তারপর ফর্মটিতে স্বাক্ষর করবেন এবং পরিষেবা প্রদানকারীর লাইসেন্স এবং/অথবা সার্টিফিকেটের একটি কপি সংযুক্ত করবেন। স্বনির্ভর পরিষেবা প্রদানকারী যদি কোনো এজেন্সির জন্য কাজ করে, তবে প্রদানকারীকে অবশ্যই এজেন্সির তথ্য নিচে উল্লিখিত লেবেলকৃত ফিল্ডে অন্তর্ভুক্ত করতে হবে: **এজেন্সির নাম (যদি যথাযথ হয়)**, **কর্মীর ট্যাক্স ID নম্বর (যদি এজেন্সি হয়)** এবং **এজেন্সির ঠিকানা।** যদি স্বনির্ভর পরিষেবা প্রদানকারী কোনও এজেন্সির জন্য কাজ না করে কিন্তু **তার যদি নিজস্ব ট্যাক্স ID নম্বর** থাকে, তবে প্রদানকারীকে অবশ্যই এইসব ফিল্ড পূরণ করতে হবে। আপনাকে স্বনির্ভর পরিষেবা প্রদানকারীর লাইসেন্স এবং/অথবা সার্টিফিকেটের একটি কপিও রাখা উচিত। অনুগ্রহ করে জেনে রাখুন যে, শুধু RSA-2 ফর্মে তালিকাভুক্ত স্বনির্ভর পরিষেবা প্রদানকারী আপনার সন্তানকে পরিষেবা দিতে পারবে। আপনার সন্তানকে যদি প্রদানকারীর কর্ম স্থলে দেখা হয় আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, শুধু সেই স্বনির্ভর পরিষেবা প্রদানকারী তাকে পরিষেবা দিচ্ছে যাকে আপনি অনুমোদিত করেছেন। RSA-2 ফর্মে নির্দেশিত অনুযায়ী পূরণকৃত **RSA-2 ফর্ম** অবশ্যই অফিসে জমা দিতে হবে।

**আমি RSA-2 ফর্ম জমাদানের পর, কখন প্রদানকারী পরিষেবা প্রদান শুরু করবে?**

RSA-2 ফর্ম পাবার পর, সকল তথ্য পর্যালোচিত হবে। যদি ফর্ম সম্পূর্ণ করা হয় এবং প্রদানকারী সিকিউরিটি ক্লিয়ারেন্স পায় এবং যথাযথ লাইসেন্স, রেজিস্ট্রেশন এবং/অথবা সার্টিফিকেশন জমাদানের পর, আপনার প্রদানকারী এই পরিষেবার জন্য একটি শনাক্তকারী PIN নম্বরসহ একটি অনুমোদনের চিঠি পাবে। এই অনুমোদনের ব্যাপারে আমরা যদি আপনাকে জানাতে ব্যর্থ হই, প্রদানকারী পরিষেবা শুরু জন্য অনুমোদিত এবং ডিপার্টমেন্ট স্বতন্ত্র প্রদানকরীকে অর্থ পরিশোধের নিশ্চয়তা দেবে যদি তার যথাযথ লাইসেন্স এবং/অথবা সার্টিফিকেশন থাকে এবং কোন স্বার্থের দ্বন্দ্ব না থাকে। **RSA-2 ফর্মে** তালিকাভুক্ত স্বতন্ত্র প্রদানকারীই শুধু পরিষেবা প্রদানে অনুমোদিত। যদি স্বনির্ভর পরিষেবা প্রদানকারীর কোনও পরিবর্তন ঘটে, একটি নতুন **RSA-2 Form** অবশ্যই জমা দিতে হবে। আপনি যে স্বাধীন প্রদানকারীকে বেছে নিয়েছেন তাকে অবশ্যই তার কোন খরচ ব্যতিরেকে 49-51 Chambers Street, Room 600, New York, NY 10007 ঠিকানায় অবস্থিত অফিস অভ রিলেটেড অ্যান্ড কন্ট্রাক্টুয়্যাল সার্ভিসেস- এ ফিংগারপ্রিন্ট দিতে হবে। যে পর্যন্ত না সিকিউরিটি ক্লিয়ারেন্স পাওয়া যায় সে সময় পর্যন্ত স্বাধীন প্রদানকারীগণ পরিষেবা শুরুর জন্য অনুমোদন পাবে না।

**সংশ্লিষ্ট পরিষেবা কোথায় প্রদান করা যাবে?**

সংশ্লিষ্ট পরিষেবা আপনার সন্তানের স্কুল, আপনার বাড়িতে অথবা প্রদানকারীর কর্ম স্থলে প্রদান করা যেতে পারে।

**আমি যদি আমার সন্তানকে পরিষেবার জন্য প্রদানকারীর কর্মস্থলে নিয়ে যাই, আমাকে কি পরিবহন খরচ পরিশোধ করা হবে?**

হ্যাঁ, নিম্নোক্ত অনুযায়ী:

| | | |
|---|---|---|
| 1. | পাবলিক ট্রান্সপোর্টেশন: | বাস এবং/অথবা সাবওয়েতে প্রতি ভাড়ার জন্য $2.00 |
| 2. | প্রাইভেট গাড়ি: | IRS কর্তৃক বর্তমানে যে মাইলেজ রেট অনুমোদনযোগ্য সেটি নির্ধারিত হয়েছে প্রতি মাইলে $.28। |
| 3. | মিটারযুক্ত ট্যাক্সিক্যাব: | মিটারযুক্ত ট্যাক্সিক্যাবের রেট এবং যুক্তিসঙ্গত বখশিস।* |
| 4. | প্রাইভেট কার সার্ভিস: | পিতামাতা এবং/অথবা প্রাইভেট কার সার্ভিসকে শুধু শিক্ষার্থীর বাধ্যতামূলক সংশ্লিষ্ট পরিষেবায় নেয়া- আনার জন্য প্রাইভেট কার সার্ভিসের ব্যবহৃত রেট এবং যুক্তিসঙ্গত বখশিস বা টিপস্-এর অর্থ পরিশোধ করা হবে।* অনুগ্রহ করে জেনে রাখুন যে যদি প্রাইভেট কার সার্ভিস ব্যবহার করা হয়, অর্থ পরিশোধের জন্য যোগ্য হতে শিক্ষার্থীর সাথে পিতামাতা অথবা অন্য কোনো প্রাপ্ত-বয়স্ক ব্যক্তিকে থাকতে হবে। |

* যাতায়াত ভাড়া হিসেবে সর্বোচ্চ $50

পরিবহন সংক্রান্ত অর্থ পরিশোধের সকল অনুরোধ অবশ্যই সংযুক্ত **RSA-3 অথবা RSA-3A ফর্ম ট্রান্সপোর্টেশন রিইমবার্সমেন্ট ভাউচারের** মাধ্যমে জানাতে হবে। স্বাধীন প্রদানকারী অবশ্যই পরিষেবার জন্য আপনাকে অনুমোদিত **RSA-2** ফর্মের একটি কপি এবং বিল আপনাকে দেবে অথবা কোন স্টেটমেন্ট যেখানে পরিষেবার তারিখ উল্লিখিত থাকবে, যেটি পরিবহন প্রদানকারীর কাছ থেকে আবশ্যক রিসিটসহ **RSA-3 অথবা RSA-3A** ফর্মের সাথে সংযুক্ত থাকবে। সমস্ত ক্ষেত্রে, আবশ্যক অনুমোদিত ফর্মগুলিতে মূল অনুমোদনের স্বাক্ষর না থাকলে কোনও অর্থ পরিশোধের প্রক্রিয়াকরণ করা হবে না। আপনাকে অবশ্যই **RSA-3** অথবা **RSA-3A** ফর্মসমূহে স্বাক্ষর দিতে হবে যেখানে আপনার সন্তান **প্রকৃতভাবে** কোন তারিখগুলিতে পরিবহন পরিষেবা পেয়েছে তার উল্লেখ থাকবে। **কোন অবস্থাতেই খালি RSA-3 অথবা RSA-3A ফর্ম বা যে পরিবহন পরিষেবা এখনও আপনি পাননি তার জন্য স্বাক্ষর করবেন না।**

**কীভাবে প্রদানকারীকে অর্থ পরিশোধ করা হবে?**

যখন এই পরিষেবার জন্য প্রদানকারী লিখিত অনুমোদন লাভ করেন, তখন তিনি অর্থ পরিশোধের বিষয়ে একটি PIN নম্বর এবং গাইডলাইন পাবেন। **আপনাকে নিজের পকেট থেকে কোন অর্থ পরিশোধ করতে হবে না।** এসব পরিষেবার জন্য অনুমোদিত সর্বোচ্চ রেটের বেশি পূর্ণ পারিশ্রমিক পরিষেবা প্রদানকারীরা আদায় করতে পারবে না। এসব প্রদত্ত পরিষেবার জন্য প্রদানকারীগণ পিতামাতা/অভিভাবকের কাছে অর্থ পরিশোধের কোন অনুরোধ জানাবেন না। আপনার বাড়ি অথবা প্রদানকারীর অফিসে যদি পরিষেবা প্রদান করা হয় আপনাকে অবশ্যই প্রদানকারীর ইনভয়েসে স্বাক্ষর দিতে হবে যেখানে আপনার সন্তানের পরিষেবা গ্রহণের প্রকৃত তারিখগুলি উল্লিখিত থাকবে। **আপনি অবশ্যই খালি ইনভয়েসে অথবা যে পরিষেবা প্রদান করা হয়নি তার জন্য স্বাক্ষর করবেন না।**

**প্রদানকারীকে কি অবশ্যই IEP অথবা স্টুডেন্ট প্রোগ্রেস রিপোর্ট লিখতে হবে?**

এই উদ্দেশ্যে ডিপার্টমেন্ট প্রদত্ত ফর্মে প্রদানকারীকে অবশ্যই দৈনিক উপস্থিতির রেকর্ড সংরক্ষণ করতে হবে, প্রদত্ত পরিষেবার জন্য সাপ্তাহিক অগ্রগতির নোট রাখতে হবে, এবং স্কুল কর্তৃপক্ষ বা কমিটি অন স্পেশাল এডুকেশনের অনুরোধক্রমে একটি সংশ্লিষ্ট পরিষেবার শিক্ষার্থী প্রোগ্রেস রিপোর্ট পূরণ করতে হবে। এছাড়া, বার্ষিক পর্যালোচনার জন্য কোন অনুরোধে এবং/অথবা যদি অন্য কোন পর্যালোচনার অনুরোধ জানানো হয়, প্রদানকারীকে অবশ্যই IEP কনফারেন্সে যোগদানে লভ্য থাকতে হবে এবং বাড়তি কোন খরচ ব্যতিরেকে IEP-এর যথাযথ পৃষ্ঠাগুলি পূরণ করতে হবে। প্রগ্রেস রিপোর্ট অবশ্যই প্রতিবছর জমা দিতে হবে।

**যদি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কর্মীদের কাছে সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) লভ্য হয়, সেক্ষেত্র কী হবে?**

আপনার সন্তান কোন স্বাধীন প্রদানকারীর কাছ থেকে পরিষেবা পাবার আগে যদি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কর্মীদের কাছে এই পরিষেবা লভ্য থাকে, তাহলে ডিপার্টমেন্ট এই পরিষেবা প্রদান করবে। যদি, কোনভাবে, আপনার সন্তান কোনও স্বনির্ভর পরিষেবা প্রদানকারীর কাছ থেকে এই পরিষেবা পাওয়া শুরু করে, আপনার স্বনির্ভর প্রদানকারীর কাছ থেকে এই পরিষেবা গ্রহণ শিক্ষা বছরের শেষ নাগাদ আপনি অব্যাহত রাখার সুযোগ পাবেন।

**সহায়তার জন্য আমি কাকে ফোন করতে পারি?**

এইসব ফর্ম অথবা স্বাধীন প্রদানকারী খুঁজে নিতে যদি কোন সহায়তার প্রয়োজন পড়ে, অনুগ্রহ করে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। আপনি যদি কোনো পাবলিক স্কুলে না পড়েন, অনুগ্রহ করে CSE-এর সাথে যোগাযোগ করুন যারা এই সংশ্লিষ্ট পরিষেবার অনুমোদনের চিঠি দিয়েছে।